

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৯৮৭

আগরতলা, ২৪ ফেব্রুয়ারি, ২০২৪

সাংবাদিক সম্মেলনে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী
২৬ ফেব্রুয়ারি সপ্তম উত্তর পূর্বাঞ্চল যুব উৎসবের উদ্বোধন

আগামী ২৬ ফেব্রুয়ারি ৪ দিনব্যাপী সপ্তম উত্তর পূর্বাঞ্চল যুব উৎসবের উদ্বোধন হবে। ৪ দিনব্যাপী এই যুব উৎসব চলবে ২৯ ফেব্রুয়ারি পর্যন্ত। ২৬ ফেব্রুয়ারি বিকাল ৩ টায় আগরতলার পূর্বাশা আরবান হাট প্রাঙ্গনে এই উৎসবের উদ্বোধন হবে। আজ শিক্ষা ভবনের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় এই সংবাদ জানান। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, উদ্বোধনের আগে দুপুর ২ টায় আয়োজিত হবে এক বর্ণাত্য র্যালি। এই র্যালিটি রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গন থেকে শুরু হয়ে আগরতলার বিভিন্ন পথ পরিক্রমা করে পূর্বাশার আরবান হাট প্রাঙ্গনে এসে সমাপ্ত হবে। ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের ৮৪৫ জন প্রতিনিধি এই যুব উৎসবে অংশ নেবেন। তাদের মধ্যে ২৪৬ জন যুবক ও ১৭৬ জন যুবতী। সপ্তম উত্তর পূর্বাঞ্চল যুব উৎসবে যোগা, লোক নৃত্য, মার্শাল আর্ট, পেইন্টিং, ফটোগ্রাফী, বাদ্যযন্ত্র, লোক সংগীত ইত্যাদি বিষয়ে প্রতিযোগীতামূলক অনুষ্ঠানে তারা অংশ নেবেন। ৪ দিনব্যাপী এই অনুষ্ঠানগুলি আগরতলা পূর্বাশা আরবান হাট প্রাঙ্গন, নজরুল কলাক্ষেত্র, টাউনহল ও রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হবে। ২৫ ফেব্রুয়ারি আগরতলার ভগৎ সিং সিং যুব আবাসে উৎসবে অংশগ্রহণকারীগণের নাম নথিভুক্ত করা হবে। সাংবাদিক সম্মেলনে ক্রীড়ামন্ত্রী জানান, ২৯ ফেব্রুয়ারি বিকাল ৪টায় স্বামী বিবেকানন্দ ময়দানে এই যুব উৎসবের সমাপ্তি ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হবে। যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী এই উৎসবকে সফল করে তোলার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন যুববিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব প্রদীপ কুমার চক্ৰবৰ্তী ও অধিকর্তা এস বি নাথ।
